প্রথম আলো

তারিখ · 10 · APR · 2018
পৃষ্ঠা ··· ৮ ··· কলাম ···· ৫ ······

# ভুল সেটে এইচএসসি পরীক্ষা শিক্ষার্থীদের বিক্ষোভ

প্রতিনিধি ও সংবাদদাতা, গাজীপুর

গাজীপুর সদরের কাজী আজিম উদ্দিন কলেজ কেন্দ্রে গতকাল সোমবার উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার আইসিটি বিষয়ে ভুল সেটে এমসিকিউ পরীক্ষা নেওয়া হয়েছে। এর প্রতিবাদে দুপুরে শিক্ষার্থী ও অভিভাবকেরা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বিক্ষোভ করেছেন।

অভিভাবক ও শিক্ষার্থীরা বলেন, জেলা শহরের কাজী আজিম উদ্দিন কলেজ কেন্দ্রে পার্শ্ববর্তী গাজীপুর সরকারি মহিলা কলেজ, লিংকন কলেজ, গাজীপুর জেলা কলেজ ও গাজীপুর অক্সফোর্ড কলেজের শিক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। গতকাল আইসিটি বিষয়ে ১ হাজার ২০০ পরীক্ষার্থীর এমসিকিউ পরীক্ষা নেওয়া হয় ভুল সেটে।

শিক্ষার্থীরা বলে, বোর্ড থেকে ওই বিষয়ে পরীক্ষা নেওয়ার জন্য এমসিকিউ-১ এবং এমসিকিউ-২ নম্বর সেট প্রশ্ন পাঠানো হয়। পরীক্ষা শুরুর আগে সকালে ঢাকা বোর্ড থেকে ওই বিষয়ের এমসিকিউ-১ নম্বর সেটে পরীক্ষা নেওয়ার নির্দেশনা পাঠানো হয়। কিন্তু কাজী আজিম উদ্দিন কলেজ কেন্দ্রে ওই নির্দেশনা না মেনে ২ নম্বর সেটে পরীক্ষা নেওয়া হয়। পরে দুপুরে পরীক্ষার্থী ও তাদের অভিভাবকেরা গাজীপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে জড়ো হয়ে বিক্ষোভ শুরু করেন।

পরীক্ষার্থী ফারহানা বন্যা বলে, 'আমরা ২ নম্বর সেটে পরীক্ষা দিয়েছি। পরীক্ষা শেষে বেরিয়ে অন্য কেন্দ্রের পরীক্ষার্থীদের সঙ্গে আলাপের সময় ওই ভুল সেটে পরীক্ষা নেওয়ার বিষয়টি বুঝতে পারি। পরে আমরা অভিভাবকদের ও জেলা প্রশাসককে জানাই।'

এ সময় বিক্ষোভকারীদের উদ্দেশে গাজীপুরের জেলা প্রশাসক দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর বলেন, এতে শিক্ষার্থীদের জন্য যাতে কোনো সমস্যা না হয়, তার জন্য বোর্ড অফিসকে অবগত করা হয়েছে। কেন্দ্রসচিব অধ্যক্ষ হারুন অর রশীদ হাওলাদার বলেন, নির্দেশনা বুঝতে তাঁদের ভুল হয়েছে। ফলে ভিন্ন সেটে পরীক্ষা নেওয়া হয়েছে।

**নকলের অভিযোগে ১০ পরীক্ষার্থী বহিষ্কার**

সংবাদদাতা, নারায়ণগঞ্জ জানান, আড়াইহাজারে দুটি কেন্দ্রে নকলের অভিযোগে ১০ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। নির্দেশনা অমান্য করে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের অভিযোগে এক শিক্ষকসহ পাঁচজনকে আটকের পর মুচলেকা নিয়ে ছেড়ে দেওয়া হয়। গতকাল সকালে আড়াইহাজার সরকারি সফর আলী কলেজ ও আড়াইহাজার পাইলট উচ্চবিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে এসব ঘটনা ঘটে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| ... বিভাগ | |
| ... বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিষ্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি. এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর